# সবসময় কানেক্টেড
# মোবাইল ইন্টারনেট দক্ষতা প্রশিক্ষণ টুলকিট

## মোবাইল ইন্টারনেট দক্ষতা প্রশিক্ষণ টুলকিট
## মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতায় প্রশিক্ষণের জন্য একটি নির্দেশিকা



স্বত্বাধিকার © 2018 GSM Association


# মডিউল 1
# ভূমিকা

# মডিউল 1 - ভূমিকা

# গভীরের প্রশিক্ষণ

## শেখার উদ্দেশ্য


- প্রশিক্ষণের উদ্দেশ্য বোঝা এবং ঘরে কে আছেন তা জানা
- টোন নির্দিষ্ট করুন: নিশ্চিত করুন প্রশিক্ষনার্থীরা যেন নিরাপদ, আত্মবিশ্বাসী অনুভব করে এবং মোবাইল ইন্টারনেট সম্পর্কে শিখতে আগ্রহী হয় এবং নিয়মাবলী জানে
- তাদের জীবনে ইন্টারনেট ব্যবহার করার সম্ভাব্য সুবিধাগুলি বোঝা





**সময় সীমা:**
45-60 মিনিট

**পরামর্শ:** একটি বিখ্যাত স্থানীয় জায়গার Google ছবির ফলাফলকে শেয়ার করা ডিভাইসগুলিতে ইন্টারনেট হোমপেজ হিসেবে সেট করুন। এটা প্রশিক্ষনার্থীদের ইন্টারনেটে যাওয়ার একটা মজাদার ও আকর্ষণীয় প্রথম অভিজ্ঞতা প্রদান করে। হোমপেজ সেট করার জন্য আপনার ব্রাউজার খুলুন এবং আপনি যে ওয়েবসাইটকে আপনার হোমপেজ হিসেবে সেট করতে চান সেটিতে যান। আপনার ব্রাউজার মেনু খুলুন এবং সেটিং ক্লিক করুন, তারপরে 'বর্তমান পেজকে' আপনার হোমপেজ হিসেবে সেট করুন।


## আপনার যে জিনিস দরকার হবে:




স্মার্টফোন হ্যান্ডসেট





ব্যক্তিত্বের পোস্টার x 3
পুরুষদের ক্ষেত্রে পুরুষ ব্যক্তিত্ব দেখান, মহিলাদের জন্য মহিলা ব্যক্তিত্ব দেখান



আইকন কাট-আউট







পেন, কাগজ, মাস্কিং টেপ ও একটি ছোট বল



শব্দকোষ হ্যান্ডআউট



ভিত্তিমূলক নিয়মাবলী



ছোট পুরস্কার

# মজা ও গেমস দিয়ে ওয়ার্ম-আপ করুন



### পরিচিত করার গেম

- আপনার হাতে একটা ছোট বল নিন এবং প্রশিক্ষক হিসেবে সংক্ষেপে নিজের পরিচয় দিন: আপনার নাম, পরিচয় এবং আপনি কেন এখানে এসেছেন তা বলুন।
- তারপরে বলটি আপনার কোনো একজন প্রশিক্ষনার্থীর কাছে ছুঁড়ে দিন এবং তাকে উঠে দাঁড়াতে বলুন এবং দলের সামনে নিজের পরিচয় দিতে বলুন। সে এটা শেষ করার পরে তাকে বলুন বলটি পাশের লোকের কাছে ছুঁড়ে দিতে।
- রুমে থাকা প্রতিটি প্রশিক্ষনার্থী যখন বলটি লুফে নেয় এবং নিজের পরিচয় দেয়, তখন গেমটি শেষ হয়।


# প্রশিক্ষণ সম্পর্কে বলুন




### প্রশিক্ষণের উদ্দেশ্য ব্যাখ্যা করুন:


- "আমরা মোবাইল ইন্টারনেট সম্পর্কে শিখতে এখানে এসেছি: এটা কী, কিভাবে ব্যবহার করতে হয় এবং আপনি এর সাহায্যে কী করতে পারেন।"
- গ্রাউন্ড রুলস নিয়ে **আলোচনা করুন**
- **ব্যাখ্যা করুন** আপনি প্রশিক্ষণে কী কী বিষয় রেখেছেন, যেমন কীভাবে WhatsApp, YouTube, Google, Wikipedia ও Facebook ব্যবহার করতে হয় এবং এগুলির প্রতিটি সুনির্দিষ্টভাবে কিসের জন্য উপযোগী
- **ব্যাখ্যা করুন** "আপনাকে স্মার্টফোনে ইন্টারনেটের সাথে পরিচিত করানো হবে"
- **ব্যাখ্যা করুন** প্রশিক্ষকের ভূমিকা: "প্রশিক্ষক হিসেবে আমরা আপনাকে শেখাতে এবং সহায়তা করতে এখানেই আছি"
- **ব্যাখ্যা করুন** "আজকের দিনটা পুরোটাই আপনার সম্পর্কে! কোনো উত্তর বা প্রশ্নই সঠিক বা ভুল নয়। এটা কোনো পরীক্ষা নয়, আমরা আপনাকে শিখতে সাহায্য করতে চাই!"

# ছোট দল তৈরি করুন



**আপনার প্রশিক্ষনার্থীদের ছোট ছোট দলে ভাগ করুন** (প্রতি দলে ছয়জনের বেশি নয়)।

রুমের মাঝ বরাবর একটা রেখা আঁকুন এবং সেই রেখায় তিনটি বিন্দু চিহ্নিত করুন:




- আপনার প্রশিক্ষনার্থীদের **বলুন** রেখায় এমন একটি স্থানে দাঁড়াতে যা তার অবস্থা নিশ্চিত করে, যেখানে তারা তাদের মোবাইল ইন্টারনেট ব্যবহার করার সক্ষমতার সাথে সবচেয়ে বেশি স্বচ্ছন্দ অনুভব করেন
- **প্রশিক্ষনার্থীরা** যেখানে দাঁড়িয়ে আছেন তার ভিত্তিতে তাদেরকে **কয়েকটি দলে ভাগ করুন** কিন্তু দলে ছয়জনের বেশি নয় - রুমে থাকা প্রত্যেক প্রশিক্ষক একটি দলের সঙ্গে কাজ করবেন
- **ব্যাখ্যা করুন** যে এই দলগুলিকে নিয়েই পুরো প্রশিক্ষণ শেষ করা হবে

**পরামর্শ:** প্রশিক্ষনার্থীদের দলের সবারই একই রকম দক্ষতার পর্যায়ে থাকা জরুরি, যাতে তারা আত্মবিশ্বাসী ও স্বচ্ছন্দ অনুভব করেন। যদি দেখা যায় যে প্রশিক্ষনার্থীরা দলের অন্যদের সঙ্গে একই রকম দক্ষতার পর্যায়ে নেই তাহলে প্রশিক্ষণ শুরু হওয়ার পরে ঐ প্রশিক্ষনার্থীদের দক্ষতা অনুযায়ী দলে সরিয়ে দিন।

## ছোট দলে পরিচিতকরণ:

- প্রত্যেককে **বলুন** তার নাম / তিনি কোথা থেকে এসেছেন / তিনি কোন বিষয়ে আগ্রহী তা দলকে বলতে।
- আপনার প্রশিক্ষনার্থীদের **বলুন** মাস্কিং টেপে তাদের নাম লিখতে এবং বুকে তা লাগিয়ে রাখতে।
- **প্রশিক্ষণের উদ্দেশ্য নির্দিষ্ট করুন:** জিজ্ঞাসা করুন "আপনি কী শিখতে চান?"
- প্রত্যেক প্রশিক্ষনার্থীর প্রশিক্ষণের উদ্দেশ্য কাগজে **লিখুন** এবং দেয়ালে আটকে দিন।

# ইন্টারনেটের সুবিধাগুলি ব্যাখ্যা করুন

**জানান যে প্রশিক্ষক প্রশ্ন জিজ্ঞাসা করবেন এবং প্রশিক্ষনার্থীরা উত্তর দেওয়ার জন্য হাত তুলবে:**

- "এখানে কে আগে থেকেই মোবাইল ফোনে ইন্টারনেট ব্যবহার করেছেন?"
- "কেউ কি উঠে দাঁড়িয়ে আমাদের বলতে পারেন যে ইন্টারনেট কী?"

**ইন্টারনেট কী এবং তা কোথা থেকে আসে ব্যাখ্যা করুন**

- জানান "আপনার মোবাইল নেটওয়ার্ক সেবা প্রদানকারী আপনার মোবাইল ফোনের মাধ্যমে আপনাকে এর সঙ্গে যুক্ত করতে পারে"

---




## 'ইন্টারনেট পোস্টার' দেখান

- **ব্যাখ্যা করুন** "ইন্টারনেট হল একটি নেটওয়ার্ক যা কম্পিউটার ও কিছু মোবাইল ফোনকে বিশ্বব্যাপী তথ্য পাঠাতে ও গ্রহণ করতে দেয়। এটা তথ্যের একটা বিশাল লাইব্রেরির মতো, যা বিশ্বব্যাপী মানুষকে অ্যাক্সেস করতে, ব্যবহার করতে ও যোগ করতে দেয়"

---




## "ব্যক্তিত্ব পোস্টার" দেখান

এই পোস্টারগুলি প্রশিক্ষনার্থীদের কাছে এটা ব্যাখ্যা করতে সাহায্য করবে যে একজন মানুষ কিসের জন্য মোবাইল ইন্টারনেট ব্যবহার করতে পারেন

- **ব্যাখ্যা করুন** "ইন্টারনেট সাহায্য করতে পারে আপনার ব্যবসাকে সহায়তা করতে, আপনার দক্ষতাগুলিকে বিকশিত করতে, আপনার পরিবার ও বন্ধুদের যত্ন নিতে এবং আরো অনেক কিছুতে!"

# ইন্টারনেটের সুবিধাগুলি ব্যাখ্যা করুন

### ইন্টারনেটের সুবিধাগুলি জীবনে নিয়ে আসুন!

ইন্টারনেট আপনার জন্য (প্রশিক্ষক), আপনার বন্ধু ও পরিবার অথবা আপনার কমিউনিটির জন্য কীভাবে সহায়ক সেই বিষয়ে **আপনার নিজের গল্প বলুন**। কিছু উদাহরণ হতে পারে:

- মানুষের সঙ্গে WhatsApp এ সংযোগ স্থাপন করা - বন্ধু ও পরিবারের কাছ থেকে সংবাদ পাওয়া, আপনার নেটওয়ার্ক-এর কাছে আপনার ব্যবসার বিজ্ঞাপন দেওয়া ইত্যাদি
- আপনার দক্ষতাগুলি শেখা ও তার উন্নতি করা এবং YouTube এ মনোরঞ্জন করা যেমন 'কীভাবে করা যায়' ভিডিওগুলি, যেমন কীভাবে নাচতে হয়, কীভাবে একটি পদ রান্না করতে হয় অথবা কীভাবে সাইকেলের টায়ার সারাতে হয়
- আপনার জীবন, স্কুলের কাজ, ব্যবসা ইত্যাদিতে সাহায্য করার জন্য Google এ উপযোগী তথ্য খুঁজে পাওয়া, ইত্যাদি

---


### আপনার প্রশিক্ষনার্থীদের জন্য ইন্টারনেটকে প্রাসঙ্গিক করে তুলুন

প্রশিক্ষনার্থীদের সাথে আলোচনা করুন যে, ইন্টারনেট তাদের কিভাবে সহায়তা করতে পারে:

- **জিজ্ঞাসা করুন** যে "আপনি ইন্টারনেটে কি ব্যবহার করা শিখতে পারতেন যা আপনাকে সহায়তা করতে পারে?" তাদের জন্য কিছু প্রস্তাব করুন
- **জিজ্ঞাসা করুন** যে "আপনি কোন জিনিসটি শেখার জন্য সবচেয়ে আগ্রহী এবং আনন্দিত বোধ করছেন?"

**পরামর্শ:** ইন্টারনেট কিভাবে তাদের জীবনে সহায়ক বা কার্যকরী হতে পারে সে ব্যাপারে প্রশিক্ষণে আলোচনা ও কার্যক্রমগুলিকে যোগ করুন। এটি প্রশিক্ষণটিকে তাদের জন্য প্রাসঙ্গিক ও আগ্রহজনক করে তুলতে সহায়তা করবে।

# স্মার্টফোনগুলি দিন



**র্টফোনগুলি দিন** (নিশ্চিত করুন যে, একটি ফোন তিনজনের বেশি ব্যক্তি ব্যবহার করছেন না)

- **প্রদর্শন করুন**, কিভাবে 'ট্যাপ' (স্ক্রীনে একটি আইনকনকে স্পর্শ করা), 'সোয়াইপ' (স্ক্রীন বরাবর আঙ্গুলকে চেপে ডান বা বাম দিকে সরানো), 'জুম' (স্ক্রীনে দুটি আঙ্গুলকে চেপে দুদিকে নেওয়া) করবেন
- প্রশিক্ষণার্থীদের **বলুন** তারা যেন পালাক্রমে ফোনটি ধরে, তাদেরকে তা নিয়ে খেলতে উৎসাহিত করুন এবং ট্যাপ করা, সোয়াইপ করা বা জুম করে দেখতে বলুন
- প্রশিক্ষণার্থীদের স্ক্রীনে থাকা আইকনগুলিতে 'ট্যাপ' করতে **বলুন**, এরপর কি হচ্ছে দেখতে বলুন



**পরামর্শ:** যে প্রশিক্ষনার্থীরা নার্ভাস বা ফোনের সাথে পরিচিত নয়, তাদের 'ক্যামেরা' আইকনটি কোথায় রয়েছে দেখান এবং তাদেরকে ফোন দিয়ে ছবি তুলতে উৎসাহিত করুন। এটি তাদেরকে ফোন দিয়ে মজা করতে ও ফোন স্পর্শ করার সাথে স্বাচ্ছন্দ্যবোধ করাতে সহায়তা করবে।

### আপনার প্রশিক্ষনার্থীদেরকে ফোন দিয়ে একটি দলগত ছবি (গ্রুপ সেল্ফি!) তুলতে বলুন

- প্রশিক্ষনার্থীদেরকে প্রশিক্ষক ও অন্যান্য প্রশিক্ষনার্থীদেরকে ছবিটি দেখাতে বলুন

### আপনার প্রশিক্ষনার্থীরা ফোনে কি কি চিনতে পারছে তা নিয়ে তাদের সাথে আলোচনা করুন


- **জিজ্ঞাসা করুন** "ব্যাটা্রির লাইফ কোথায় দেখা যাচ্ছে?"
- **জিজ্ঞাসা করুন** "ফোনের সিগন্যাল কোথায় দেখা যাচ্ছে?"

### এটি কেন একটি 'স্মার্ট' ফোন তা নিয়ে আপনার প্রশিক্ষনার্থীদের সাথে আলোচনা করুন

- **জিজ্ঞাসা করুন** "কি এটিকে স্মার্ট করে তুলেছে?"

**পরামর্শ:** ফোনটির বিভিন্ন জিনিস খতিয়ে দেখতে ও এর সাথে স্বাচ্ছন্দ্যবোধ করতে, আপনার প্রশিক্ষনার্থীদের যতটা বেশি সময় প্রয়োজন তা তাদের দিন।

# কার্যক্রম: 'আইকনটি খুঁজে বের কর' খেলাটি খেলুন



- একবারে একটি করে, প্রতিটি মোবাইল আইকনকে **ধরুন**
- **জিজ্ঞাসা করুন** "ফোনে এটি কোথায় রয়েছে এবং এটি কি?"
- আপনার প্রশিক্ষনার্থীদের যদি সহায়তার প্রয়োজন হয় তবে প্রতিটি আইকন কি **ব্যাখ্যা করুন**।
- সঠিক উত্তরগুলির জন্য **ছোট ছোট পুরস্কার দিন** (যেমন চকলেট) এবং আইকনগুলিকে দেয়ালে লাগিয়ে দিন, যাতে পরে প্রশিক্ষনার্থীরা মনে করতে পারে যে, সেগুলি কি ছিল

# কার্যক্রম: ইন্টারনেটে যান



- আপনার প্রশিক্ষনার্থীদেরকে তাদের ফোন স্ক্রীনে 'বল' ইন্টারনেট আইকনটি খুঁজে বের করতে **বলুন** এবং তার উপর ক্লিক করতে বলুন (আপনি যদি সেট-আপ করে রাখেন, ইন্টারনেট আপনার পছন্দের ওয়েবসাইটটি খুলে দেবে - বিবরণের জন্য 20 পাতাতে সংক্ষিপ্ত পরিচয় বিভাগটি দেখুন)। অনুগ্রহ করে মনে রাখবেন, বিভিন্ন ফোনে বিভিন্ন ব্রাউজার থাকতে পারে (নীচে দেখুন)
- **ব্যাখ্যা করুন** "তোমরা সবাই এখন ইন্টারনেটে রয়েছো! এটা এতটাই সহজ! অভিনন্দন!"
- **আপনার প্রশিক্ষনার্থীরা** যা দেখতে পাচ্ছে তা খতিয়ে দেখা ও আলোচনা করার **তাদেরকে প্রচুর সময় দিন**

**পরামর্শ:** ইন্টারনেট ব্যবহার করার জন্য বিভিন্ন ধরণের 'ব্রাউজার' রয়েছে। এগুলির মধ্যে সবচেয়ে পরিচিত কয়েকটি আইকনকে নীচে দেখানো হয়েছে। আপনি কোন ফোনটি ব্যবহার করছেন, তার ওপরে নির্ভর করে আপনি উপরে দেখানো আইকনটির বদলে এগুলির মধ্যে যে কোনো একটি ব্যবহার করতে পারেন।



# পোস্টার কাট-আউট ও তথ্যপত্র

# সেশনের গ্রাউন্ড রুল্‌স

## এই জায়গাটি হল:

### নিরাপদ

এই প্রশিক্ষণের সব তথ্য গোপনীয় রাখুন। আমরা আপনাকে গ্রুপের অন্য সদস্যদের সঙ্গে ব্যক্তিগত নম্বরগুলি শেয়ার না করতে পরামর্শ দিই

### অংশীদারি কমিউনিটি

বিভিন্ন পটভূমি, জ্ঞান ও মতামতের মানুষ আছেন। এটা আমাদের সর্বজনীন স্থান, তাই সবাইকে সম্মান দিন ও সহায়তা করুন।

### ইতিবাচক ও উন্মুক্ত

অনুগ্রহ করে আপনার মতামত ও আলোচনাগুলির সময় সম্মান দিন এবং ইতিবাচক থাকুন। কোনো উত্তরই ঠিক বা ভুল নয় এবং আমরা এখানে আপনাকে পরীক্ষা করছি না

### ন্যায্য

আমরা ছোট ছোট দলে কাজ করব এবং আপনাকে শেয়ার করা ফোন দেব। আমরা সবার কথা শোনার জন্য সমান সুযোগ দিতে চাই এবং আমরা চাইব যে সবাই পালাক্রমে একটি ফোন ব্যবহার করুন

# ইন্টারনেট নিরাপত্তার জন্য সহজ পরামর্শ



আপনি যে মানুষদের জানেন না বা যারা আপনাকে বিরক্ত করছে তাদের 'ব্লক' বা উপেক্ষা করুন



আপনার ব্যক্তিগত তথ্যকে গোপনীয় রাখুন



আপনার দেখতে পাওয়া বা অভিজ্ঞতা হওয়া কোনো জিনিসের ব্যাপারে আপনি যদি অস্বচ্ছন্দ বোধ করেন তাহলে আপনার পরিচিত ও বিশ্বস্ত কোনো মানুষকে বলুন



মানুষের প্রতি নম্র ও সম্মানপূর্ণ হোন

# সংজ্ঞা

প্রশিক্ষকরা মোবাইল ইন্টারনেটের ওপরে স্থানীয় প্রাসঙ্গিক তথ্যকে অন্তর্ভুক্ত করার জন্য এই বিভাগে আরো তথ্য যোগ করতে পারেন

## 2G/3G/4G

আপনি ইন্টারনেট ব্যবহার করার সময় তা ভিন্ন ভিন্ন গতিতে চলতে পারে। 2G ইন্টারনেট হল সবচেয়ে ধীরগতির, 3G ইন্টারনেট তার চেয়ে দ্রুত এবং 4G ইন্টারনেট হল দ্রুততম

## অ্যাপ

একটি অ্যাপ আপনাকে আপনার ফোনে কোনো সেবার শর্টকাট প্রদান করে। WhatsApp, Facebook, Google এর মতো ইন্টারনেট সেবার জন্য অ্যাপগুলি সেই সেবা ব্যবহার করার উদ্দেশ্যে ইন্টারনেটে প্রবেশ করার একটি দ্রুত ও সহজ উপায় প্রদান করে

## অ্যাড্রেস বার

www.india.in

অ্যাড্রেস বার দেখায় যে আপনি কোন ওয়েবসাইটে আছেন।

অ্যাড্রেস বারে সবসময় ওয়েবসাইটের ঠিকানা থাকবে যেমন www.google.in

## বিজ্ঞাপন বা অ্যাড

Buy Now!

বিজ্ঞাপন হল কিছু তথ্য যা আপনাকে কিছু একটা বিক্রি করতে চেষ্টা করছে। বিজ্ঞাপনে ক্লিক করা এড়িয়ে চলা একটি ভাল অভ্যাস

- অ্যাডগুলি এমন ভিডিও বা ছবি হতে পারে যা আপনার স্ক্রিনে ভেসে ওঠে
- Google ফলাফলের ওপরে এবং স্ক্রিনের ডান দিকে থাকা লিংকগুলিও বিজ্ঞাপন হতে পারে

## ব্রাউজার

একটি ওয়েব ব্রাউজার, বা সহজ কথায় শুধুই "ব্রাউজার" হল একটি অ্যাপ্লিকেশন যা ব্যবহার করে ওয়েবসাইটগুলি অ্যাক্সেস করা ও দেখা যায়। সাধারণ ওয়েব ব্রাউজারগুলির অন্তর্ভুক্ত হল;

Google Chrome | Mozilla Firefox | Opera | Microsoft Internet Explorer

## ডেটা

আপনি যখনই ফোনে ইন্টারনেট ব্যবহার করেন, তখন আপনি 'ডেটা' ব্যবহার করেন। আপনি মোবাইল নেটওয়ার্ক সেবা প্রদানকারীর কাছ থেকে ডেটা কিনতে পারেন, ঠিক যেভাবে আপনি ফোন ক্রেডিট কেনেন

## ফিচার ফোন

এমন একটি মোবাইল ফোন যার ইন্টারনেট অ্যাক্সেস করা ও মিউজিক সঞ্চয় করা ও বাজানোর সক্ষমতা আছে, কিন্তু স্মার্টফোনের উন্নত কার্যক্ষমতাগুলি নেই

## Google

Google হল একটি ইন্টারনেট সেবা যা আপনার পক্ষে এমন যে কোনো তথ্য খুঁজে পাওয়াকে সহজ করে তোলে, যা আপনি ইন্টারনেটে খুঁজতে চান

# সংজ্ঞা

প্রশিক্ষকরা মোবাইল ইন্টারনেটের ওপরে স্থানীয় প্রাসঙ্গিক তথ্যকে অন্তর্ভুক্ত করার জন্য এই বিভাগে আরো তথ্য যোগ করতে পারেন

## ইন্টারনেট

"ইন্টারনেট হল বিশ্বব্যাপী লক্ষ লক্ষ কম্পিউটারের একটি নেটওয়ার্ক যেগুলি ফোন লাইন, উপগ্রহ ও তারের দ্বারা একে অন্যের সঙ্গে সংযুক্ত আছে। এটি আপনাকে প্রচুর পরিমাণ তথ্য ও সেবার অ্যাক্সেস প্রদান করে এবং এটি সবসময় বেড়েই চলেছে। ইন্টারনেট সকলের জন্য। কে এটা ব্যবহার করতে পারেন তার ওপরে কোনো নিয়ন্ত্রণ নেই। আপনার শুধু একটা কম্পিউটার, মোবাইল ফোন বা ট্যাবলেট এবং ডেটা কানেকশন প্রয়োজন।"

## লিংক

একটি লিঙ্ক আপনাকে একটি ওয়েবসাইট থেকে অন্য ওয়েবসাইটে সংযুক্ত করে। অন্য ওয়েবসাইটে যাওয়ার জন্য, আপনি লিংকটি স্পর্শ করতে পারেন এবং এটা আপনাকে সংযুক্ত করবে এবং অন্য ওয়েবসাইটে নিয়ে যাবে

## মেগাবাইট ও গিগাবাইট

মেগাবাইট (MB) ও গিগাবাইট (GB) হল ডেটার ইউনিট যা আপনি মোবাইল ইন্টারনেট ব্যবহার করার সময় ব্যবহার করেন। GB হল MB এর চেয়ে 1000 গুণ বড়। আপনি যদি একটি গান ডাউনলোড বা স্ট্রিম করেন, তাহলে এটি প্রায় 5MB (প্রতি মিনিটে 1MB) ব্যবহার করবে

## সন্ধান

সন্ধান কার্যকরিতাটি আপনাকে খুঁজে পেতে সাহায্য করে আপনি যা সন্ধান করছেন। আপনি যে শব্দগুলি সন্ধান করছেন তা একটি সার্চ বক্সে সন্ধান করুন এবং তারপরে আপনি সম্ভাব্য উত্তরগুলির লিংকের একটি তালিকা দেখতে পাবেন

## স্মার্টফোন

ইন্টারনেট অ্যাক্সেস করা, মিউজিক ও ভিডিও সঞ্চয় করা ও বাজানো এবং 'অ্যাপ' চালানোর সক্ষমতা আছে এমন একটি মোবাইল ফোন। এই ফোনগুলিতে সাধারণত একটি টাচস্ক্রীন থাকে

## YouTube

YouTube হল একটি ইন্টারনেট সেবা যা আপনার পক্ষে ইন্টারনেটে কোনো ভিডিও (এবং শুধুমাত্র ভিডিও) খুঁজে পাওয়া, দেখা ও শোনাকে সহজ করে তোলে

## ওয়েবসাইট

ইন্টারনেট সম্পর্কে তথ্য বিভিন্ন ওয়েবসাইটে রাখা থাকে। ইন্টারনেটে প্রচুর আলাদা ও ভিন্ন ভিন্ন ওয়েবসাইট আছে, যেমন Google হল একটি ওয়েবসাইট, YouTube হল একটি ওয়েবসাইট


## WhatsApp

WhatsApp হল একটি ইন্টারনেট সেবা যা আপনার পরিচিত মানুষদের সাথে অর্থাৎ আত্মীয়, বন্ধু ও সহকর্মীদের সাথে যোগাযোগ রাখা ও কথাবার্তা বলাকে সহজ করে তোলে


## WiFi

WiFi জোন হল একটি এলাকা যেখানে আপনার ফোনে ইন্টারনেট অ্যাক্সেস করার জন্য আপনাকে নিজের ডেটা ব্যবহার করতে হয় না; আপনি বিনামূল্যে ইন্টারনেটে সংযুক্ত থাকতে পারেন। কফি শপ ও ক্যাফের মতো কিছু সর্বজনীন জায়গাতে WiFi জোনগুলি উপলব্ধ থাকে

# ইন্টারনেটের সাথে পরিচয়



# ডেটার খরচ


YouTube
facebook
সঙ্গীত
facebook
Google
WIKIPÉDIA
WhatsApp






আইকন কাট-আউট - অ্যাপ














# সার্টিফিকেট

মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতা
প্রশিক্ষণ সম্পূর্ণ করেছেন

তারিখ

স্বাক্ষরিত



# সার্টিফিকেট

মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতা
প্রশিক্ষণ সম্পূর্ণ করেছেন



তারিখ

স্বাক্ষরিত